

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট
গাইবান্ধা।



স্মারক নং- সিজিএম(গাইঃ)/নিয়োগ/২০২১-৩৫৫

তারিখঃ ২১/১২/২০২১ খ্রিঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট, গাইবান্ধার নিম্নবর্ণিত শূন্য পদ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ড্রাইভার	০১	৯,৩০০-২২,৪৯০	অষ্টম শ্রেণি পাস। হালনাগাদকৃত বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলীঃ

- ১। 'সরকারী চাকুরীর আবেদন ফরম' সংগ্রহ করে অথবা www.forms.gov.bd হতে ডাউনলোড করে স্বহস্তে পূরণ পূর্বক আবেদনপত্র আগামী ১৬/০১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট, গাইবান্ধা বরাবর ডাকযোগে পৌছাতে হবে অথবা অফিস চলাকালীন সময়ে সরাসরি অফিসে রক্ষিত নির্ধারিত বাক্সে দাখিল করতে হবে।
- ২। আগামী ১৬/০১/২০২২ খ্রিঃ তারিখে উপরোক্ত পদের প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে উক্ত বয়সসীমা হবে ৩২ বছর। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৩। চাকুরীরত প্রার্থীদের বয়স থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৪। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজাদি দাখিল করতে হবে। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি, গ) অভিজ্ঞতার সনদের (যদি থাকে) সত্যায়িত ফটোকপি, (ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি, (ঙ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদ, (চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল চারিত্রিক সনদ, (ছ) বীর মুক্তিযোদ্ধার সন্তান, বীর মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র/কন্যার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি ও আবেদনকারীর সহিত সম্পর্কের মূল সনদ (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত), (জ) ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি (ঝ) ১০/- (দশ) টাকার ডাক টিকেট সম্বলিত ৯" x ৪" সাইজের ফেরত খাম (খামের উপর আবেদনকারীর বর্তমান ঠিকানা সম্বলিত)।
- ৫। হিসাব কোড নং ১-২১০৮-০০০০-২০৩১ এ ৫০/- (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারি চালান মূলে জমা প্রদান পূর্বক চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।
- ৬। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৭। আবেদনপত্রের খামের উপর পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- ৮। লিখিত পরীক্ষার জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- ৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিতকরণ/সময়সীমা বর্ধিতকরণ/পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা যেকোন বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

 ২১/১২/২১

(আশিকুল খবির)

সভাপতি

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

ও

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট

গাইবান্ধা

পিসি-১৬৫৫/২১ (৬" x ৩)